

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৩। নাম সিদ্ধু করে মছন, হরি গুণ মণি,  
 উঠাইল প্রেম সুধা সুরস নবনী,  
 ল'য়ে সব ভক্তগণ, করে প্রেম বিতরণ।  
 ব্রহ্মার বাঞ্ছিত ধন, পেয়ে নাচে সৰ্ব্বজন,  
 অনুদিন বাড়ে অনুরাগ (হায় গো)  
 প্রেমে তনু ডগমগ হ'লরে মন্তু মাতাল।
- ৪। নদীয়ার চন্দ্র হরি, নদীয়া ছাড়িয়ে,  
 পুনরায় হ'ল উদয়, ভক্তগণ ল'য়ে'  
 ভক্তগণ ল'য়ে সাথে কলুষ নাশিতে।  
 নব রসের গোরা, প্রেম রসে মাতোয়ারা,  
 দু'নয়নে বহে প্রেমধারা (হায় গো)  
 ও সেই ব্রজ গোপীর মনোচরা, এলরে সেই নন্দদুলাল।।
- ৫। হরি প্রেমের প্রেমিক আমার তারক মহানন্দ,  
 অকাতরে বিলাহিতেছে, হরি প্রেমানন্দ,  
 উদিত হরিচন্দ্র যুচিল তমঃ সন্দ।  
 প্রেমানন্দ বাড়িল, নিরানন্দ ছাড়িল,  
 প্রেমানন্দে ধূলায় গড়ি যায় (হায় গো)  
 হরি প্রেমধন পেল সবায়, পেল না অশ্বিনী কাঙ্গাল।।

### ৯২ নং তাল-একতালা

দয়া করি এস হরি দয়াময়।

প্রিয় ভক্তের সঙ্গে, রস রঙ্গে, এস হৃদি আঙ্গিনায়।।

- ১। এই বাসনা রাত্রি দিনে, বসায়ে হৃদি আঙ্গিনে,  
 শ্রদ্ধারস, সচন্দন, দিব ঐ চরণে।  
 তাই বা হবে কেন, নাহি মম ভক্তি ধন,  
 মনে মম এই সাধ, কমলা সেবিত পদ।  
 মনোসাধে হেরিব নয়নে (হায় গো)  
 এই বাসনা রাত্রি দিনে, প্রাণ স'পে দিব ঐ পায়।।